


বুধবার ২৭ ডিসেম্বর ২০২৩  
১২ পৌষ ১৪৩০

# যুগান্তর



## টেক্সটাইল জলীয় বর্জ্য ব্যবস্থাপনায় নতুন উদ্ভাবন

সম্প্রতি টেক্সটাইল ওয়েস্ট ওয়াটার বা জলীয় বর্জ্য ব্যবস্থাপনায় এক যুগান্তকারী পদ্ধতি উদ্ভাবন করেছে নর্থ সাউথ ইউনিভার্সিটির সিভিল অ্যান্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং বিভাগের একদল গবেষক। এতে করে কম খরচে টেক্সটাইল জলীয় বর্জ্য ব্যবস্থাপনা সম্ভব হবে। গবেষকরা ইতোমধ্যে একটি টেক্সটাইল কারখানায় এটির পাইলট প্রজেক্ট সম্পন্ন করেছেন। তারা জানিয়েছেন, স্থানীয়ভাবে সংগ্রহকৃত রিচ ও ব্লাস্ট ফার্নেস আয়রন স্লাগ ব্যবহার করে টারশিয়ারি লেভেলের জলীয় বর্জ্য পরিশোধনের কাজটি আরও সহজে ও কম খরচে সম্ভব হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি।